Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।


★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে ফাল্গুন বুধবার ১৩৬৭ ইংরাজী 8th Mar. 1961 { ৪০শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট. কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

রন্ধন স্বাচ্ছন্দ্য ও বিপুলতা আবাহে।

প্রস্তুতকারকঃ

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৪শে ফাল্গুন বুধবার সন ১৩৬৭ সাল।

## "রতনে রতন চিনে"

—০—

ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরুর দুরদৃষ্টি কত প্রখর তা—যে বৎসর সাধারণ নির্ব্বাচনে অর্থমন্ত্রী শ্রীমুরারজী দেশাই যখন নির্ব্বাচনে বিফল মনোরথ হইলেন, পণ্ডিতজী তখন তাঁহাকে (দেশাইকে) বিশেষ অনুগ্রহ করিয়া নির্ব্বাচিত না হইলেও নির্ব্বাচিত বলিয়া গণ্য করিয়া লইলেন। তারপরেও অনেক ফেল ব্যক্তিকে তাঁহাদের আশাতীত পদে নিযুক্ত করিয়া গুণগ্রাহিতার পরিচয় দিয়াছিলেন। আজ দেখুন সব সেই মুরারজী দেশাই কি মজার বাজেট করিয়া অকুলে কুল দিয়াছেন।

"যিস্‌কা ফাটে উস্‌কা ফাটে ধোবীকা ক্যা হ্যায়!" নিজের গুণ নিজেই প্রকাশ করিতে ইতস্ততঃ করেন নাই। নিজের বাজেটের সাফাই নিজে গাহিবার জন্য কোমর বাঁধিয়া লাগিয়াছেন।

অর্থ মন্ত্রণালয়ের উপদেষ্টা কমিটিতে এক বক্তৃতায় তিনি বলিয়াছেন—সরকারের এখন টাকার বিশেষ দরকার—সুতরাং বাড়তি ট্যাক্সের বোঝা বহন করিতেই হইবে। সরকারের টাকার দরকার এ কথা নূতন নয়। কিন্তু বোঝার বেশির ভাগই দরিদ্র লোকেরা কেন বহন করিবে তাহা ব্যাখ্যা করার দরকার দেশাই মহাশয় মনে করেন নাই। সরকারের যখন টাকার দরকার, তখন বিদেশী কলকারখানাগুলিকে এবং দেশের বড় বড় শিল্পপতিদের অতিরিক্ত সুবিধা হইল কেন—তাহা কি লোকে জানিতে পারে না? টাকার দরকার সত্ত্বেও উহাদের জন্য মুরারজী ভাই-এর দরদের অভাব হয় নাই। কিন্তু সাধারণ লোকের বেলায় ট্যাক্সের বোঝা চাপাইবার সময় তাঁহার দরদের উৎস একেবারে শুষ্ক হইল কেন?

ধরুন শ্রমিকরা প্রায় সকলেই ধূমপান করে যদি তাহাদের শ্রমের ক্লান্তি দূর করার জন্য এই তামাক বা দেয়াশালাই এর উপর কর ধার্য্য করার সময় একটু বিবেচনা করা হইত তবুও মনে হইত যে ইনি সাধারণ লোকের সুবিধার দিকে একবার চাহিয়াছেন। তামাকের ব্যবহার এদেশে শুধু নয় সব দেশেই আছে এবং নানাভাবে ইহার ব্যবহার স্ত্রী পুরুষ উভয় সম্প্রদায়ের মধ্যে হইয়া থাকে। সুসভ্য ফরাসী ডাক্তারও ইহার প্রয়োজনীয়তার কথা অস্বীকার করেন নাই—আমরা তামাকের একটি ছড়া নিম্নে দিলাম—

### তামাকের রকমারী ব্যবহার

ফ্রান্সের একজন রাসায়নিক
নাম—ডাক্তার রেম
'ম্যাটীন' পত্রে লিখেছেন—
তামাকের কি প্রেম—

তামাক বড় ভাল জিনিস
ভারী উপকারী,
হজমকারক, সরলভেদী
আহা মরি মরি।

তামাক অনেক রোগ-ব্যাধির
বীজাণু-নাশক,
তামাক তাড়ায় বহু
রোগ সংক্রামক।

এই হ'লো ডাক্তারের কথা,
মোদের কথা শুন—
"প্র্যাকৃটিক্যাল" যেটা মোরা
দেখছি পুনঃ পুনঃ।

তামাক এই বাংলা দেশে
অভ্যর্থনাকারী।
তামাক না দিলে লোকে
দেয় টিটকারী।

নিমন্ত্রণে গেলে পর
তামাক আগে দেয়
তারপরে খাও চর্ব্ব্য,
চোষ্য লেহ্য পেয়।

আহারান্তে পান খেয়ে,
আবার তামাক,
তা না হলে ফাঁপে পেট
হয় না পরিপাক।

গয়া, কাশী, বিষ্ণুপুরে
তামাক মজাদার,
ফৌজদারী বালাখানার
তামাক চমৎকার।

গড়গড়া শটকাতে টান
খটকা সেরে যাবে।
নেহাৎপক্ষে ডাবা হুঁকো
তাতেও আরাম পাবে।

তামাকের সুগন্ধে লোক
জোটে আশে পাশে,
একটিবার তোমার ঐ
কল্‌কে পাবার আশে।

পিতৃমাতৃ শ্রাদ্ধ কিম্বা
কন্যা সম্প্রদান—
অনাহারে করতে হয়
শাস্ত্রের বিধান।

শাস্ত্রের এই ব্যবস্থা তো
হিন্দু মাত্রেই জানে—
হুঁকো নিয়ে ভুরুক ভুরুক
গুরুক কিন্তু টানে।

যাঁরা চান ছুঁৎমার্গ
করতে পরিহার
গুরুক-খোর হুকুম তামিল
করেছে তাহার।

তামাকেই রাখিয়াছে
একতা সম্মান।
একই কল্কীতে খায়
হিন্দু মুসলমান।

বাঙালী খায় তামাক সেজে,
সাহেব চুরুট টানে;
চুরুটে হয় দাঁত শক্ত
অনেকে তা জানে।

অনেক সুফল এই
তামাকেতে ফলে,
চক্ষুরোগ সেরে যায়
হুঁকোর বাসী জলে।

হুঁকো নাহি টানে হেন
আছে বহু জন,
নস্যরূপে করে ঘ্রাণে
অর্দ্ধেক ভোজন।
এমন গৃহিণী আছে
বহু গৃহ মাঝে,
পোড়ায়ে তামাক পাতা
দন্তগুলি মাজে।
পর্দ্দার মধ্যে কত
জর্দ্দা চলে পানে,
সুর্ত্তি খেয়ে কত লোক
স্ফূর্ত্তি পায় প্রাণে।
দোক্তা পাতা নৈলে পোক্তা
হয় না গাঁজার নেশা।
খৈনী খেয়ে দেশোয়ালী
মউজমে রহে কে'সা
শ্মশানবন্ধু পোড়ায় মড়া
চিতার পাশে ব'সে
বিষণ্ণ বদনে কিন্তু
তামাক টানে ক'সে।
ধূমপানেতে মনের মধ্যে
আনন্দটা বাড়ে—
মুখাগ্নির ব্যবস্থা তাই
করলে শাস্ত্রকারে।

অর্থ মন্ত্রী মহাশয়ের কাছে একটা দ্রব্যের আবশ্যকতা দেখাইলাম। সাধারণ লোকের এই প্রকার কত নিত্য ব্যবহার্য্য দ্রব্যের উপর করভার দিয়া জীবনযাত্রা দুষ্কর করিয়া তুলিলেন তিনি এই পুণ্যে তাঁর আগামী নির্ব্বাচনে তাঁহার নির্ব্বাসন অনেকেই করিবে। কিন্তু নেহরু সারথী যস্য কুতস্তস্য পরাভব।

## দোল উৎসব

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এখানে হিন্দুগণের দোল-উৎসব নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে। এবার সন্ধ্যার পরেও ভদ্রমহিলাদের কুমকুম ছুড়িয়া রং দিয়া দামী পরিধেয় বস্ত্রাদি নষ্ট করিয়া দিবার ও চোখে আঘাত পাওয়ার খবর পাওয়া গিয়াছে। ইহা শালীনতা-বিরোধী। ভবিষ্যতে যাহাতে ইহার পুনরভিনয় না হয় তৎপ্রতি উক্ত কার্য্যের উদ্যোক্তাগণকে অনুরোধ করিতেছি। যাহা লোকে সমর্থন করেন না সে কার্য্য না করাই ভাল।

## পরলোকে বিখ্যাত নাট্যকার শচীন সেনগুপ্ত

### রবিবার বেলা দুই ঘটিকায় জীবনদীপ নির্ব্বাপিত

বঙ্গ রঙ্গমঞ্চে ও বাংলা সাহিত্যের বিশিষ্ট নাট্যকার শ্রীশচীন সেনগুপ্ত রবিবার বেলা ২ ঘটিকায় তাঁহার ভূপেন বসু এভিন্যুস্থ বাসভবনে পরলোক-গমন করেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৮ বৎসর হইয়াছিল। নাট্যকার হিসাবে বর্ত্তমান যুগে তাঁহাকে পুরোধা বলা চলে। তাঁহার রচিত বহু নাটক গত ২৫ বৎসর কালযাবৎ বিভিন্ন রঙ্গমঞ্চে, সাফল্যের সহিত অভিনীত হইয়াছে।

তাঁহার মৃত্যু সংবাদ পাইয়া সিনেমা ও রঙ্গমঞ্চের সহিত জড়িত বহু শিল্পী, পরিচালক, সাহিত্যিক তাঁহার বাসভবনে গিয়া উপস্থিত হন এবং মৃতের প্রতি শেষ শ্রদ্ধা অর্পণ করেন। বিভিন্ন ব্যক্তি ও সংস্থার পক্ষ হইতে তাঁহার মৃতদেহে মাল্যার্পণ করা হয়। রবিবার সন্ধ্যায় তাঁহার মৃতদেহ শোকযাত্রা সহকারে লইয়া যাওয়া হয় এবং নিমতলা শ্মশানঘাটে অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয়। তিনি তিন পুত্র রাখিয়া গিয়াছেন। ১২৯৯ সালে খুলনা জেলায় সেনহাটি গ্রামে তাঁহার জন্ম হয়। রংপুরে শিক্ষালাভ করিয়া ১৯০৫ সালে ছাত্রদের স্বদেশী সভায় যোগদান নিষিদ্ধ করিয়া যে সরকারী আদেশ জারী করা হইয়াছিল তাহার প্রতিবাদে তিনি স্কুল ত্যাগ করেন। পরে জাতীয় বিদ্যালয় হইতে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া জাতীয় কলেজে যোগ দেন এবং বি-এ অবধি পড়েন। তিনি জাতীয় কলেজের অধ্যাপক ও 'হিতবাদী' পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি পণ্ডিত সখারাম গণেশ দেউস্করের নিকট সাংবাদিকতা শিক্ষা করেন। পরবর্ত্তীকালে শচীন বাবু পণ্ডিচেরী হইতে শ্রীঅরবিন্দ কর্ত্তৃক পরিচালিত 'বিজলী' পত্রিকার সম্পাদকতা করেন। পরে নেতাজী সুভাষচন্দ্রের আহ্বানে 'নবশক্তির' সম্পাদক হন।

শচীন সেনগুপ্ত স্বর্গত নির্ম্মলচন্দ্র চন্দ্র মহাশয়ের 'বৈকালী' নামক সান্ধ্য পত্রেরও সম্পাদকত্ব গ্রহণ করেন। মাণিকতলা ষ্ট্রীটে যখন বৈকালী চেরী-প্রেস হইতে উঠিয়া আসে, তখন শচীনবাবু, তারানাথ রায় ও অধুনা প্রসিদ্ধ সাহিত্যিক শ্রীসরোজকুমার রায় চৌধুরী তাঁহার সহকারী ছিলেন। ইনি অধুনালুপ্ত 'কৃষক' ও 'ভারতের' প্রধান সহযোগী সম্পাদক ছিলেন। তাঁহার প্রথম নাট্য রচনা একখানি সামাজিক নাটক 'রক্তকমল।' পরবর্ত্তী-কালে ইনি প্রায় ৫০ খানি সামাজিক ও ঐতিহাসিক নাটক রচনা করিয়াছেন; জনপ্রিয় নাটকগুলির মধ্যে 'গৈরিক পতাকা', 'সিরাজউদ্দৌলা', 'স্বামী-স্ত্রী' 'তটিনীর বিচার', 'সংগ্রাম ও শান্তি', 'কালো টাকা', 'কাঁটা ও কমল' প্রভৃতি উল্লেখযোগ্য। তাঁহার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনার্থে মিনার্ভা কর্ত্তৃপক্ষ রবিবার 'অঙ্গার' অভিনয় বন্ধ রাখেন।

## রেলকর্মীর অসাধারণ কৃতিত্ব

### পরীক্ষায় পাশ চাকুরীতে পদোন্নতি

শিক্ষাক্ষেত্রে অসাধারণ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ দক্ষিণ-পূর্ব রেলওয়ের ইটোয়ারি ষ্টেশনের পয়েন্টস-ম্যান শ্রী পি, সি, গৌরখেড়েকে ট্র্যাফিক অ্যাপ্রেন্টিসের পদে উন্নীত করা হইয়াছে। শ্রী গৌরখেড়ে সম্প্রতি নাগপুর বিশ্ববিদ্যালয় হইতে এম-এ পাশ করিয়াছেন। ইহার পূর্বেও চাকুরীরত অবস্থাতেই তিনি নিজের চেষ্টায় স্কুল ফাইনাল, ইণ্টারমিডিয়েট এবং বি-এ পরীক্ষায় উত্তীর্ণ হন। দক্ষিণ-পূর্ব রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী এস, এন ওয়াধা গত ১লা মার্চ্চ শ্রী গৌরখেড়েকে তাঁহার অসামান্য কৃতিত্বের জন্য সম্বর্দ্ধনা জানান।

শ্রী গৌরখেড়ের পিতাও একজন পয়েন্টসম্যান ছিলেন। গৌরখেড় পঞ্চম শ্রেণীতে অধ্যয়নকালে আর্থিক অনটনের দরুণ তাঁহার লেখাপড়ায় ছেদ পড়ে। ১৯৪৫ সালে তিনি ১৩ টাকা বেতনে রেলে চাকুরী নেন। শ্রী গৌরখেড়ে এখন নাগপুর বিশ্ববিদ্যালয়ের আইন কলেজে ভর্তি হইয়াছেন। নূতন চাকুরীতে শ্রী গৌরখেড়ে মাসিক ২৫০৲—৩৮০৲ গ্রেডে নিযুক্ত হইবেন। শিক্ষানবীশীকালে তিনি মাসে ১০০৲ টাকা করিয়া পাইবেন। আর এখন পাইতেছেন মাসে ৪৮৲ টাকা। নিজের ভবিষ্যৎ সম্পর্কে শ্রী গৌরখেড়ে মন্তব্য করিয়াছেন, "আমার আশা হইল গগনচুম্বী।"



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা-১২**

---

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

রঘুনাথগঞ্জ — সদরঘাট

শীতে ব্যবহারোপযোগী

**মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ**

বিশুদ্ধভাবে প্রস্তুত যাবতীয় কবিরাজী ঔষধের একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

---

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

**যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি**

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটি, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ...

সর্ব্বদা সুলভ মূল্যে ...

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে ... সরবরাহ করা হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এনলার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।